

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৯০ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ কারো হিংসা করা হারাম

আরবী

عَنِ الزُّبَيْرِ بْنَ الْعَوَّامِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ دَبَّ إِلَيْكُمْ دَاءُ الْأُمَمِ قَبْلَكُمْ: الْحَسَدُ وَالْبَغْضَاءُ هِيَ الْحَالِقَةُ لَا أَقُولُ تَحْلِقُ الشَّعَرَ وَلَكِنْ تَحْلِقُ الدِّينَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لاَ تَدْخُلُوا الْجَنَّةَ حَتَّى تُؤْمِنُوا وَلاَ تُؤْمِنُوا حَتَّى تَحَابُوا أَفَلاَ أُنَبِّئُكُمْ بِمَا يُثْبِتُ ذَلِكَ لَكُمْ؟ أَفْشُوا السَّلَام بَيْنَكُمْ

বাংলা

(২১৯০) যুবাইর বিন আওয়াম (রাঃ) বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের পূর্ববর্তী উদ্মতদের রোগ হিংসা ও বিদ্বেষ তোমাদের মাঝে অনুপ্রবেশ করেছে। আর বিদ্বেষ হল মুগুনকারী। আমি বলছি না যে, তা কেশ মুগুন করে; বরং দ্বীন মুগুন (ধ্বংস) করে ফেলে। সেই সন্তার কসম যার হাতে আমার জান আছে! তোমরা জানাত ততক্ষণ প্রবেশ করতে পারবে না; যতক্ষণ পর্যন্ত না ঈমান এনেছ। আর (পূর্ণ) ঈমানও ততক্ষণ পর্যন্ত আনতে পারবে না; যতক্ষণ না আপোসে সম্প্রীতি কায়েম করেছ। আমি কি তোমাদেরকে এমন কর্মের কথা বাতলে দেব না; যা তোমাদের ঐ সম্প্রীতিকে দৃঢ় করবে? তোমাদের আপোসে সালাম প্রচার কর।

ফুটনোট

(তিরমিয়ী ২৫১০, বায্যার, বাইহাকীর শুআবুল ঈমান, আল্লামা আলবানী রহ. হাদীসটিকে হাসান সহীহ বলেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যুবাইর ইবনু 'আওয়াম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন